# সুনান আদ-দারাকুতনী

হাদিস নাম্বারঃ ২৮১

১. পবিত্রতা (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ২৮. কুলি করা ও নাক পরিষ্কার করা এবং উযুর প্রারম্ভে উভয়টি সম্পূর্ণ করার বিষয়ে উৎসাহ প্রদান

بَابُ مَا رُوِيَ فِي الْحَثِّ عَلَى الْمَضْمَضَةِ وَالِاسْتِنْشَاقِ وَالْبَدَاءَةِ بِهِمَا أَوَّلَ الْوُضُوءِ

আরবী

نَا مُحَمَّدُ بْنُ الْقَاسِمِ بْنِ زَكَرِيَّا ، نَا أَبُو كُرَيْبٍ ، نَا مُصْعَبُ بْنُ الْمِقْدَامِ ، عَنْ إِسْرَائِيلَ . وَثنا دَعْلَجُ بْنُ أَحْمَدَ ، نَا مُوسَى بْنُ هَارُونَ ، نَا أَبُو بَكْرِ بْنُ أَبِي شَيْبَةَ ، حَدَّثَنَا عَبْدُ اللَّهِ بْنُ نُمَيْرٍ ، ثَنَا إِسْرَائِيلُ ، عَنْ عَامِرِ بْنِ شَقِيقٍ ، عَنْ أَبِي وَائِلٍ ، قَالَ : رَأَيْتُ عُثْمَانَ بْنَ عَفَّانَ يَتَوَضَّأُ فَغَسَلَ يَدَيْهِ ثَلَاثًا ، وَغَسَلَ وَجْهَهُ ثَلَاثًا ، وَمَضْمَضَ ثَلَاثًا ، وَاسْتَنْشَقَ ثَلَاثًا ، وَغَسَلَ ذِرَاعَيْهِ ثَلَاثًا ، وَمَسَحَ بِرَأْسِهِ ، وَأُذُنَيْهِ ظَاهِرَهُمَا وَبَاطِنَهُمَا ، ثُمَّ غَسَلَ قَدَمَيْهِ ثَلَاثًا ، ثُمَّ خَلَّلَ أَصَابِعَهُ ، وَخَلَّلَ لِحْيَتَهُ ثَلَاثًا حِينَ غَسَلَ وَجْهَهُ ، ثُمَّ قَالَ : رَأَيْتُ رَسُولَ اللَّهِ ـ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ـ فَعَلَ كَالَّذِي رَأَيْتُمُونِي فَعَلْتُ . لَفْظُهُمَا سَوَاءٌ حَرْفًا بِحَرْفٍ ، قَالَ : مُوسَى بْنُ هَارُونَ : وَفِي هَذَا الْحَدِيثِ مَوْضِعٌ فِيهِ عِنْدَنَا وَهَمٌ ؛ لِأَنَّ فِيهِ الِابْتِدَاءَ بِغَسْلِ الْوَجْهِ قَبْلَ الْمَضْمَضَةِ وَالِاسْتِنْشَاقِ ، وَقَدْ رَوَاهُ عَبْدُ الرَّحْمَنِ بْنُ مَهْدِيٍّ ، عَنْ إِسْرَائِيلَ بِهَذَا الْإِسْنَادِ فَبَدَأَ فِيهِ بِالْمَضْمَضَةِ وَالِاسْتِنْشَاقِ قَبْلَ غَسْلِ الْوَجْهِ
وَتَابَعَهُ أَبُو غَسَّانَ مَالِكُ بْنُ إِسْمَاعِيلَ ، عَنْ إِسْرَائِيلَ فَبَدَأَ فِيهِ بِالْمَضْمَضَةِ وَالِاسْتِنْشَاقِ قَبْلَ الْوَجْهِ ، وَهُوَ الصَّوَابُ

বাংলা

২৮১(১২). মুহাম্মাদ ইবনুল কাসেম ইবনে যাকারিয়া (রহঃ) ... আবু ওয়াইল (রহঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, আমি উসমান ইবনে আফফান (রাঃ)-কে উযু করতে দেখেছি। তিনি তাঁর দুই হাত তিনবার করে ধৌত করেন, মুখমণ্ডল তিনবার ধৌত করেন, তিনবার কুলি করেন, তিনবার নাকে পানি দিয়ে তা পরিষ্কার করেন, দুই বাহু তিনবার ধৌত করেন, দুই কানের ভেতর ও বহির্ভাগসহ মাথা মসেহ করেন, অতঃপর দুই পা তিনবার ধৌত করেন, তারপর তার আঙ্গুলগুলো খিলাল করেন এবং মুখমণ্ডল ধৌত করার সময় দাড়ি তিনবার খিলাল করেন, অতঃপর বলেন, তোমরা আমাকে যেরূপ করতে দেখলে, আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে

তদনুরূপ করতে দেখেছি।

উভয় রাবীর মূল পাঠ হুবহু ও শব্দে শব্দে একইরূপ। মূসা ইবনে হারূন (রহঃ) বলেন, এই হাদীসের একটি স্থানে আমাদের সন্দেহ আছে। কেননা তাতে কুলি করা ও নাক পরিষ্কার করার আগেই মুখমণ্ডল ধৌত করার কথা উল্লেখ আছে। অবশ্য আবদুর রহমান ইবনে মাহদী (রহঃ)-ও ইসরাঈল (রহঃ) থেকে এই সূত্রে উপরোক্ত হাদীস বর্ণনা করেছেন। তাতে মুখমণ্ডল ধৌত করার পূর্বে কুলি করা ও নাক পরিষ্কার করার কথা উল্লেখ আছে। আবু গাসসান মালেক ইবনে ইসমাঈল (রহঃ)-ও ইসরাঈল (রহঃ)-এর সূত্রে অনুরূপ বর্ণনা করেছেন। তাতেও শুরুতে কুলি করা ও নাক পরিষ্কার কথা মুখণ্ডল ধৌত করার পূর্বে উল্লেখ আছে এবং এটিই সহীহ।

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ আবূ ওয়াইল (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=80070

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন